ফের পুলিশকে বোকা বানিয়ে পালাল দক্ষিণবঙ্গের কুখ্যাত চোর বাসুদেব

নিজস্ব প্রতিবেদন, বর্ধমান: ফের পুলিশকে বোকা বানিয়ে চম্পট দিল চোর।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, মঙ্গলবার সন্ধ্যায় বারাসত আদালত থেকে বর্ধমান জেলে নিয়ে যাওয়া হচ্ছিল কুখ্যাত চোর বাসুদেব মণ্ডলকে। পথে জাতীয় সড়কে পূর্ব বর্ধমানের শক্তিগড়ের আমড়া এলাকায় শৌচকর্ম করতে যাওয়ার অছিলায় পুলিশকে বোকা বানিয়ে পালিয়ে যায় কুখ্যাত চোর। চুরির মামলায় বাগুইহাটি থানার পুলিশ ওইদিন বাসুদেবকে বারাসত আদালতে পেশ করেছিল। দক্ষিণবঙ্গের বিভিন্ন থানার পুলিশের ঘুম কেড়ে নেওয়া চোর বাসুদেব ফের পুলিশের কবল থেকে পগার পাড় হতেই পুলিশের কাজকর্ম নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে। মান বাঁচাতে পুলিশ হন্যে হয়ে বাসুদেবের খোঁজ শুরু করেছে। যদিও বুধবার সন্ধ্যা পর্যন্ত পুলিশ ধুরন্ধর চোর বাসুদেবের নাগাল পায়নি বলে জানা

গিয়েছে।

জেলা পুলিশ সুপার আমন দীপ জানিয়েছেন, চুরির মামলায় বাসুদেব মণ্ডলকে সকালে বাগুইহাটি থানার পুলিশ নেয় জেলা সংশোধনাগার থেকে। বারাসত আদালতে পেশের পর বিকেলে তাকে ফের বর্ধমান জেলে নিয়ে যাচ্ছিল। কিন্তু বাসুদেব মণ্ডল বাথরুম যাওয়ার নাম করে পালিয়ে যায়। পুলিশ তাকে খুঁজছে। রাজ্যের বিভিন্ন জেলায় পুলিশের খাতায় চুরির ঘটনায় তার নাম রয়েছে। প্রেয়সীদের বাসনা পূরণে অর্থের জোগাড়ে চুরির রাস্তা ধরে। ছিচকে চুরি নয় রীতিমতো যেখানে চুরি করত সেখানকার সব কিছু সাফ করে নিয়ে যেত। এমনকি চুরির আগে সেই এলাকায় কখনও সবজি বিক্রেতা কখনও ভাঙাচোরা সংগ্রহে রেইকি করত। সময় বুঝে সব কিছু সাফ করে নিয়ে চম্পট দিত।

বিভিন্ন মহিলার সঙ্গে তার সম্পর্ক ছিল। বিভিন্ন ডান্স বারেও তার যাতায়াত ছিল। বিধাননগর কমিশনারেটের পুলিশ চুরির তদন্তে নেমে হুগলি থেকে তাকে গ্রেপ্তার করে চুরি হওয়া বহু সামগ্রী উদ্ধার করেছে। এর পরেই জামালপুর থানায় পুলিশ তাকে নিজেদের হেপাজতে নিয়ে চুরি হওয়া বহু সামগ্রী উদ্ধার করে।

অণ্ডালে জমি নিয়ে বিরোধ, গ্রামবাসীদের ক্ষোভে তপ্ত

নিজস্ব প্রতিবেদন, অণ্ডাল: বুধবার সকালের জমি বিরোধের ঘটনা নিয়ে উত্তপ্ত হয়ে ওঠে তামলা গ্রাম। গ্রামবাসীদের একাংশ সামিল হয় বিক্ষোভ। অভিযোগ, জমির ডেভেলপার একটি বেসরকারি সংস্থার বিরুদ্ধে। বিক্ষোভকারীদের পক্ষে আশরাফ আলি, সূর্য বাউরিরা দাবি করেন, ২০২১ সালে ৯৯ নামে একটি সংস্থা এলাকার জমি কেনার জন্য গ্রামবাসীদের কমিটির সঙ্গে চুক্তিবদ্ধ হয়। পরে ওই সংস্থা সেই জমি তুলে দেয় মাউন্টেন ডেভেলপার সিটি নামে একটি সংস্থাকে। এরপর সেই সংস্থা গ্রামের কমিটির সঙ্গে শুরু করে প্রতারণা। সংস্থার অধীনে গ্রামের ২৭ জন লেবারের কাজ করতেন। তাঁদেরকে সেই কাজ থেকে বসিয়ে দেওয়া হয়। কমিটির দু'- একজনকে ভাঙিয়ে নিজেদের পক্ষে নিয়ে সংস্থা কমিটির বাকি সদস্যদের সঙ্গে দূরত্ব তৈরি করে। তাঁদের সবাইকে অন্ধকারে রেখে ডেভেলপার সংস্থা জমি কেনাবেচা করছে। মুনাফার অংশ কমিটির সদস্যদের দেওয়া হচ্ছে না। ওই সংস্থা কমিটির একজনকে মিথ্যা মামলায় ফাঁসিয়ে জেল খাটান বলে অভিযোগ। ছাঁটাই কর্মীদের কাজে নিয়োগ, চুক্তিমতে গ্রামের কমিটির সদস্যদের নিয়ে কাজ করার দাবিতেই এদিনের বিক্ষোভ বলে জানান তাঁরা।

বিক্ষোভের খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় অণ্ডাল থানার পুলিশ। বিক্ষোভকারীদের পুলিশ পরামর্শ দেয় থানায় এসে অভিযোগ করার। এরপর উঠে যায় বিক্ষোভ।

কেশোরাম ইন্ড্রাস্ট্রিস লিমিটেড

KESORAM

রেজিস্টার্ড অফিস : ৯/১ আর.এন. মুখার্জি রোড, কলকাতা-৭০০০০১

CIN: L17119WB1919PLC003429 ফোন : ২২৪২ ৯৪৫৪, ০৩৩ ২২৪৩ ৫৪৫৩, ২২১৩ ৫১২১

ইমেল : corporate@kesoram.com | ওয়েবসাইট : www.kesocorp.com

৩০ জুন, ২০২৪ সমাপ্ত ত্রৈমাসিকের স্ট্যান্ডঅ্যালোন ও কনসোলিডেটেড অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সারাংশ

₹/কোটি

ক্র. নং	বিবরণ	স্ট্যান্ডঅ্যালোন				কনসোলিডেটেড			
		চলতি তিন মাস সমাপ্ত ৩০-জুন-২৪ (অনিরীক্ষিত)	পূর্ববর্তী তিন মাস সমাপ্ত ৩১-মার্চ-২৪ (অনিরীক্ষিত)	পূর্ববর্ষের অনুরূপ তিন মাস সমাপ্ত ৩০-জুন-২৩ (অনিরীক্ষিত)	পূর্ব বর্ষ সমাপ্ত ৩১-মার্চ-২৪ (নিরীক্ষিত)	চলতি তিন মাস সমাপ্ত ৩০-জুন-২৪ (অনিরীক্ষিত)	পূর্ববর্তী তিন মাস সমাপ্ত ৩১-মার্চ-২৪ (অনিরীক্ষিত)	পূর্ববর্ষের অনুরূপ তিন মাস সমাপ্ত ৩০-জুন-২৩ (অনিরীক্ষিত)	পূর্ব বর্ষ সমাপ্ত ৩১-মার্চ-২৪ (নিরীক্ষিত)
১	কার্যাদি থেকে মোট আয়	৮২০.৪০	১,০১৪.৯৫	৯৫৮.৪৪	৩,৭৮৩.৫৪	৮৮৪.০৩	১,০৯৩.৯৬	১,০০৬.০৪	৪,০৩৫.৯৪
২	নিট লাভ/(ক্ষতি) সময়কালের জন্য (কর এবং ব্যতিক্রমী দফা পূর্ব) (*)	(২৪.১৯)	(৬০.৭০)	(১০.৪৭)	(১৫৬.৯৭)	(৪১.৫৭)	(৬৭.১৮)	(৩৫.২৩)	(২২৪.৬১)
৩	নিট লাভ/(ক্ষতি) কর পূর্ব সময়কালের জন্য (ব্যতিক্রমী পরবর্তী) (*)	(২৪.১৯)	(১২৫.৫৪)	(১০.৪৭)	(২২১.৮১)	(৪১.৫৭)	(১১৬.৮০)	(৩৫.২৩)	(২৭৪.২৩)
৪	নিট লাভ/(ক্ষতি) সময়কালের জন্য কর পরবর্তী (ব্যতিক্রমী পরবর্তী) (*)	(৪৪.৬৪)	(২৫৩.১৬)	(৭.৬৮)	(৩৩১.৬৭)	(৬২.০২)	(২৪৪.৪২)	(৩২.৪৪)	(৩৮৪.০৯)
৫	সময়কালের জন্য মোট ব্যাপক আয় [সময়কালের জন্য লাভ/(ক্ষতি) (কর পরবর্তী) এবং অন্যান্য ব্যাপক আয় (কর পরবর্তী)]	(৪৩.৯৯)	(২৫১.৯২)	(৮.০১)	(৩৩০.৮৮)	(৬১.৩৭)	(২৩৭.৬৭)	(৩২.৭৭)	(৩৭৮.৩৭)
৬	পরিশোধিত ইক্যুইটি শেয়ার মূলধন	৩১০.৬৬	৩১০.৬৬	৩১০.৬৬	৩১০.৬৬	৩১০.৬৬	৩১০.৬৬	৩১০.৬৬	৩১০.৬৬
৭	মজুত (পুনর্মূল্যায়িত মজুত ব্যতীত)	-	-	-	৬.৫৯	-	-	-	(২১৫.৯৪)
৮	সিকিউরিটিজ প্রিমিয়াম	১,২৫৯.৬৮	১,২৫৯.৬৮	১,২৫৯.৬৮	১,২৫৯.৬৮	১,২৫৯.৬৮	১,২৫৯.৬৮	১,২৫৯.৬৮	১,২৫৯.৬৮
৯	নিট মূল্য	২৭০.২০	৩১৫.১৯	৬৩৭.০৬	৩১৪.১৯	(১১.২২)	৫০.১৫	৩৯৫.৭৫	৫০.১৫
১০	শেয়ার প্রতি আয় (প্রতিটি ₹১০/-টাকা মূল্যের)								
	১. মৌলিক (₹)	(১.৪৪)	(৮.১৫)	(০.২৫)	(১০.৬৮)	(২.০০)	(৭.৮৭)	(১.০৪)	(১২.৩৬)
	২. মিশ্রিত (₹)	(১.৪৪)	(৮.১৫)	(০.২৫)	(১০.৬৮)	(২.০০)	(৭.৮৭)	(১.০৪)	(১২.৩৬)

* ব্যতিক্রমী দফাগুলি ইন্ড এএস অনুসারে লাভ এবং ক্ষতির বিবৃতিতে সামঞ্জস্য করা হয়েছে।

দ্রষ্টব্য:

(ক) উপরোক্তটি সেবি (লিস্টিং ওবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়রমেন্টস) রেগুলেশন, ২০১৫-এর রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জগুলিতে পেশ করা ৩০ জুন, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের আর্থিক ফলাফলের বিস্তারিত ফর্মাটের সারাংশ। ৩০ জুন, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফর্মাট তৎসহ সেবি এলওআরডি -র রেগুলেশন ৫২(৪) অধীন প্রকাশগুলি স্টক এক্সচেঞ্জগুলির ওয়েবসাইট (www.nseindia.com, www.bseindia.com এবং www.cse-india.com) এবং কোম্পানির ওয়েবসাইট www.kesocorp.com-তে পাওয়া যাবে। ২০২৪ সালের ৩১ মার্চ সমাপ্ত সময়ের মধ্যে পরিশোধিত ঋণপত্রের তালিকাচ্যুতি সম্পন্ন হয়েছে, তাই রেগুলেশন ৫২(৪) -এর অধীনে প্রয়োজনীয় প্রকাশগুলি প্রকাশিত ফলাফলের সাথে সরবরাহ করা হয়নি।

(খ) ৩১ মার্চ, ২০২৪ সমাপ্ত ত্রৈমাসিকের পরিসংখ্যান হল সম্পূর্ণ আর্থিক বছরের ক্ষেত্রে নিরীক্ষিত পরিসংখ্যান এবং প্রাসঙ্গিক আর্থিক বছরের তৃতীয় ত্রৈমাসিক পর্যন্ত প্রকাশিত বছর থেকে তারিখের পরিসংখ্যানগুলির মাধ্যমে ভারসাম্যপূর্ণ পরিসংখ্যান।

(গ) উপরোক্ত ফলাফলটি নিরীক্ষণ সমিতি দ্বারা পর্যালোচিত এবং ১০ জুলাই, ২০২৪ তারিখে অনুষ্ঠিত কোম্পানির পরিচালন পর্ষদের সভায় অনুমোদিত।

বোর্ডের আদেশক্রমে
স্বা/-
পি. রাধাকৃষ্ণণ
হোল-টাইম ডিরেক্টর

স্থান : কলকাতা
তারিখ : ১০ জুলাই, ২০২৪

হুগলিতে শ্রাবণী মেলার প্রস্তুতি তুঙ্গে, গঙ্গার ঘাটগুলি পরিদর্শন প্রশাসনের

নিজস্ব প্রতিবেদন, হুগলি: শ্রাবণী মেলার প্রস্তুতি তুঙ্গে। বুধবার ঘাট পরিদর্শন করেন শ্রীরামপুরের মহকুমা শাসক শম্ভুদীপ সরকার। সঙ্গে ছিলেন প্রশাসনের একাধিক আধিকারিক। শ্রাবণী মেলার প্রস্তুতি তুঙ্গে। শ্রাবণ মাসে লাখ লাখ ভক্তের সমাগম হয় তারকেশ্বরে। বৈদ্যবাটী নিমাই তীর্থঘাট থেকে বাবা তারকনাথের মাথায় জল ঢালতে বহু ভক্ত তারকেশ্বরের উদ্দেশ্যে রওনা হয়। কমবেশি ৩০ কিলোমিটার রাস্তায় হাঁটেন ভক্তরা। শ্রাবণ মাসের প্রত্যেক সোমবার লাখ লাখ ভক্তের সমাগম হয় তারকেশ্বর মন্দিরে। আগামী ১৭ তারিখ থেকে শুরু শ্রাবণী মেলা। রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে প্রতি সপ্তাহে লাখ লাখ মানুষ বৈদ্যবাটী থেকে পায়ে হেঁটে তারকেশ্বরের দিকে রওনা দেবেন।

মেলার আগে শেওড়াফুলি এবং বৈদ্যবাটির একাধিক ঘাট ঘুরে দেখেন শ্রীরামপুরের মহকুমা শাসক শম্ভুদীপ সরকার, শ্রীরামপুর থানার ভারপ্রাপ্ত আধিকারিক, শেওড়াফুলি জিআরপি-র ভারপ্রাপ্ত আধিকারিক ,পূর্ত দপ্তরের আধিকারিক, দমকল বিভাগের ভারপ্রাপ্ত আধিকারিকরা ও চাঁপদানীর বিধায়ক অরিন্দম গুইন। ঘাটের দু'ধারে শ্রাবণী মেলাকে কেন্দ্র করে বিশাল মেলা বসে। কোনও অপ্রীতিকর ঘটনা যাতে না ঘটে সেই জন্য ঘাটে মোতায়ন রাখা হবে পুলিশ বাহিনী। পাশাপাশি ঘাটগুলিতে থাকছে পর্যাপ্ত আলোর ব্যবস্থা। করা হবে ব্যারিকেডও। টোটোয় চেপে সেই যাবতীয় উদ্যোগ খ তিয়ে দেখেন মহকুমা শাসক। শ্রীরামপুর মহকুমা শাসক জানান, আগামী ১৭ তারিখ থেকে শ্রাবণী মেলা শুরু হচ্ছে। যে সমস্ত ভক্তরা শেওড়াফুলি থেকে তারকেশ্বর পর্যন্ত পায়ে হেঁটে যাবেন তাদের যাতে কোনও অসুবিধা না হয় তার জন্য সমস্ত রকম ব্যবস্থা ও সতর্কতা নেওয়া হচ্ছে। সমস্ত বিভাগগুলি সক্রিয়। কঠিন বর্জ্য ব্যবস্থাপনা থেকে শুরু করে পর্যাপ্ত পুলিশের ব্যবস্থাও থাকছে। চাঁপদানির তৃণমূল বিধায়ক অরিন্দম গুইন বলেন, 'শ্রাবণী মেলার বাকি আর এক সপ্তাহ। প্রায় ১৫ থেকে ১৬ লাখ পুণ্যার্থী বিভিন্ন ঘাট থেকে জল নিয়ে তারকেশ্বরের উদ্দেশ্যে রওনা দেন। তাঁদের যাত্রাপথে যাতে কোনও অসুবিধা না হয় সেই জন্য সমস্ত রকম ব্যবস্থা নেওয়া হয়েছে। সিসিটিভি ক্যামেরাও লাগানো হয়েছে। বিভিন্ন জায়গায় ব্যারিকেড করে দেওয়া হচ্ছে। যাঁরা গঙ্গা থেকে জল তুলে নিয়ে যাবেন তাঁদের জন্য পর্যাপ্ত আলোর ব্যবস্থা করা হয়েছে। এই আয়োজন সুষ্ঠু ভাবে হয়েছে কিনা তা খতিয়ে দেখার জন্য এই পর্যবেক্ষণের উদ্যোগ নেওয়া হয়েছে।'

ইউকো ব্যাঙ্ক, জোনাল অফিস, কলকাতা
৫ লালা লাজপত রায় সরণি, দ্বিতীয় তল, কলকাতা-৭০০০২০

লকার ভেঙ্গে খোলার নোটিশ

যেহেতু ইউকো ব্যাঙ্ক সেফ ডিপোজিট ভল্ট (লকার) সংশ্লিষ্ট লকার ভাড়াকারীকে ভাড়া দিয়েছে যা নীচের টেবিলে উল্লেখ করা হয়েছে। লকার ভাড়াকারীরা ভাড়া পরিশোধ করেনি এবং তাদের বিরুদ্ধে ভাড়া বকেয়া আছে। ব্যাঙ্ক ভাড়া পরিশোধের জন্য সংশ্লিষ্ট লকার ভাড়াকারীকে তিনটি নোটিশ জারি করেছে কিন্তু এখনও ভাড়া জমা করা হয়নি।

ক্র. নং.	এসওএল সহ শাখার নাম	লকার নং	লকার ভাড়াকারীর নাম	বকেয়া পরিমান ₹-তে	যখন থেকে বকেয়া
১.	চেতলা (০৯০৬)	এএ০০৭	মিস জয়িতা রায় এবং মিস অঞ্জলি নাগ	৪,৮০৯/- টাকা	২৬ ০১.২০২১
২.	চেতলা (০৯০৬)	এএ১০৩	শ্রী দেবাশীষ ঘোষ	১৩,৯৭৭/- টাকা	২৬.১২.২০১৭
৩.	চেতলা (০৯০৬)	এএ১০৮	মিস জয়িতা রায়	৫,৩১৩/- টাকা	১৪.০৭.২০২০
৪.	চেতলা (০৯০৬)	এসি০১২	মিস সোমা মজুমদার	৩৮,৯১১/- টাকা	২৮.০৩.২০১৮
৫.	চেতলা (০৯০৬)	এএফ১১৪	মিস রাজশ্রী মুকলানিয়া	২২,০২৫/- টাকা	২০.০২.২০২০
৬.	চেতলা (০৯০৬)	বিএ০০৭	মিস লীলাবতী দাস	৬,১৬৩/- টাকা	০৮.১২.২০১৯
৭.	চেতলা (০৯০৬)	বিএ০৪৪	শ্রী পার্থ সেন শর্মা ও মিস তমালী সেন শর্মা	১৫,৩১৭/- টাকা	১৩.১২.২০১৭
৮.	চেতলা (০৯০৬)	সিএ০৭২	মিস মালা ঘোষ	১৪,১৩৫/- টাকা	১৫.১২.২০১৭
৯.	ক্যানিং স্ট্রিট (১৩৩৯)	এএ০২৪	শ্রী প্রবীর চ্যাটার্জি এবং মিস মালা চ্যাটার্জি	১৪,৫৬৭/- টাকা	৩০.০৪.২০২৩
১০.	ক্যানিং স্ট্রিট (১৩৩৯)	বিএ১০৬	শ্রী হীরালাল ধরেওয়া এবং মিস কিরণ দেবী ধরেওয়া	৩৫,১০১/- টাকা	৩০.০৪.২০২৩
১১.	ক্যানিং স্ট্রিট (১৩৩৯)	এএ০২৫	শ্রী বিজয় কুমার আগরওয়াল এবং মিস মধু আগরওয়াল	১৯,০৮৮/- টাকা	৩০.০৪.২০২৩
১২.	ক্যানিং স্ট্রিট (১৩৩৯)	বিএফ০৮৯	মিস রুকমণি রায়	৩৫,২৯৩/- টাকা	৩০.০৪.২০২৩
১৩.	টালিগঞ্জ (০৯৫৭)	বিএ০৪৪	মিস রমলা চৌধুরী ও শ্রী অমিয় চক্রবর্তী	১৬,২৪২/- টাকা	২৫.০৮.২০১৭
১৪.	টালিগঞ্জ (০৯৫৭)	ডিএ০২৪	শ্রী সুনীল কুমার পাঞ্জা ও মিস মালতি পাঞ্জা	১৫,৯৩৯/- টাকা	০২.১১.২০১৭
১৫.	টালিগঞ্জ (০৯৫৭)	ডিএ০৬৬	শ্রী সুবীর কুমার সীল ও মিস স্নিগ্ধা সীল	১৬,১৯৮/- টাকা	০২.০৯.২০১৭
১৬.	টালিগঞ্জ (০৯৫৭)	ডিএ০৮৩	শ্রী ইন্দ্রজিৎ দত্ত, শ্রী অভিজিৎ দত্ত এবং মিস ইন্দিরা দত্ত	১৭,৫৩৩/- টাকা	১২.১০.২০১৬

লকার ভাড়াকারীদের এতদ্বারা নোটিশ দেওয়া হল যে যদি উপরে উল্লিখিত লকারের ভাড়া ১৪ দিনের মধ্যে ব্যাঙ্ক না পায়, তাহলে ভাড়ার দলিলের ধারা অনুযায়ী সংশ্লিষ্ট লকার ভাড়াকারীর ঝুঁকি এবং খরচে লকারটি ভেঙ্গে খুলে দেওয়া হবে এবং লকারের কোনো অংশ বা সম্পূর্ণ বিষয়বস্তু সরকারি বা ব্যক্তিগতভাবে বিক্রি করে ব্যাঙ্ক তার পাওনা আদায় করবে, ব্যাঙ্কের বকেয়া সন্তুষ্ট হওয়ার পরে যে কোনও পরিমাণ এবং/অথবা লকারের যে সমস্ত বিষয়বস্তু অবশিষ্ট থাকবে তা সম্পূর্ণ ব্যাঙ্কের হাতে থাকবে সংশ্লিষ্ট লকার ভাড়াকারীর, ঝুঁকিতে দায়িত্ব এবং খরচে । যদি, এই ধরনের বিক্রয়ের আয় ব্যাঙ্কের পাওনা পুনরুদ্ধারের জন্য অপর্যাপ্ত হয়, লকার ভাড়াকারী ঘাটতির জন্য দায়ী থাকবে।

তারিখ: ১১.০৭.২০২৪
স্থান: কলকাতা

জোনাল অফিস
কলকাতা

পূর্বস্থলীতে জমেছে আমের আঁটির পাইকারি বাজার



নিজস্ব প্রতিবেদন, কালনা: পূর্বস্থলীতে জমে উঠেছে আমের আঁটির পাইকারি বাজার। এক টিন ভর্তি আমের আঁটির দাম ১৫০ টাকা।

আমের মরশুম শেষ হতেই জমে উঠছে আমের পাইকারি বাজার। চলতি সপ্তাহে ১ টিন বোঝাই আঁটির দাম উঠেছে ১৪০ থেকে ১৫০ টাকা। ব্যান্ডেল কাটোয়া রেলপথে পূর্বস্থলী স্টেশনের পশ্চিম দিকে এই পাইকেরি বাজারকে ঘিরে ৪০০ মানুষের জীবিকা। দুপুর হলেই তারা রেল ও সড়ক পথে বস্তাবন্দি আমের আঁটি নিয়ে আসেন এই পাইকারি বাজারে। এবছর স্থানীয় এলাকায় আমের ফলন কম হওয়ার কারণে সংগ্রহকারীদের ছুটতে হচ্ছে ৫০ থেকে ৬০ কিমি দূরে। তবে, আমের ফলন কমলেও এবছর চাহিদার পাশাপাশি দাম বেড়েছে আমের আঁটির। এমনটাই জানিয়েছেন পূর্বস্থলীর আড়তদার-রা। পরে এই আমের আঁটি ট্রাক বোঝাই করে চলে যাচ্ছে এই রাজ্যের বিভিন্ন জেলার পাশাপাশি বিহার, ঝাড়খণ্ডে। মূলত বড় বড় নার্সারি মালিকরাই এই আমের আঁটির ক্রেতা। তাঁরা আঁটি থেকে গাছ গজানোর পর চারা-কলম তৈরি করেন। যদিও এই ব্যবসা দু' থেকে আড়াই মাস।

স্থানীয় আড়তদার বাবলু মণ্ডল জানান, আগে আমের আঁটির এত চাহিদা ছিল না। নার্সারি মালিকদের কাছে এর চাহিদা থাকলে, তাঁরা সংগ্রহ করতে পারতেন না। তাঁরা বিভিন্ন জেলার নার্সারি ঘুরে এর চাহিদার কথা জানতে পারেন। ওই মালিকরাই বলেছিলেন, সংগ্রহ করে আনতে। অগ্রিম টাকাও দিতে চান তাঁরা। ওঁদের চাহিদা অনুভব করে তাঁরা এই ব্যবসা শুরু করে।

এক বাগান মালিক জানান, বৃহত্তর পূর্বস্থলী জুড়ে প্রায় হাজার খানেক আমবাগান আছে। কোনওটিতে পাঁচশোটা পর্যন্ত আমগাছ আছে। পুষ্ট হওয়ার পর ঝরে পড়া, পচা বা দাগি আম বাগানের মধ্যেই পড়ে থাকে। কয়েক সপ্তাহের ব্যবধানে আঁটির স্তর জমে যায়। এইসব আঁটি সংগ্রহে বাগান মালিকরা বাধা দেন না। তাঁরাই উলটে উৎসাহ দেন। এদিন আমের আঁটি সংগ্রাহক ষাটোর্ধ্ব যমুনা রাজবংশী জানান, সকাল হলে লোকাল ট্রেন ধরে বহু দূরের স্টেশনে গিয়ে নামতে হয়। তারপর হেঁটে রাস্তার পাশে বা বাড়ির পাশে পড়ে থাকা আমের আঁটি একটা একটা করে সংগ্রহ করে আনতে হয়।

পথ দুর্ঘটনায় মৃত্যু

নিজস্ব প্রতিবেদন, পূর্ব বর্ধমান: পূর্ব বর্ধমান জেলার মুইধারা দাসপাড়া এলাকায় বর্ধমান বামনিয়া রোডে মর্মান্তিক পথ দুর্ঘটনায় মৃত্যু হল এক ব্যক্তির। জানা গিয়েছে, লরির সঙ্গে বাইক আরোহীর মুখোমুখি সংঘর্ষে মৃত্যু হয় ওই বাইক আরোহীর। উচালনের দিক থেকে ওই ব্যক্তি বাইক নিয়ে আসছিলেন। উলটো দিক থেকে আসা লরির সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হয়। যদিও লরিটিকে ধরতে পারা যায়নি। মৃত ব্যক্তির নাম বিশ্বনাথ সরেন (২৮)। বাড়ি বাঁকুড়া জেলার ইন্দাস থানার নাগা তেঁতুল এলাকায়। ওই এলাকারই একটি রাইস মিলে কাজ করতেন তিনি। উচালন বাজারে কোনও প্রয়োজনে এসেছিলেন। তারপর বাড়ি ফেরার পথেই ঘটে দুর্ঘটনা। ঘটনাস্থলেই মৃত্যু হয় ওই ব্যক্তির।

এল&টি ফাইনান্স লিমিটেড
(পূর্বে, এল&টি ফাইনান্স হোল্ডিংস লিমিটেড)
রেজিস্টার্ড অফিস: এল&টি ফাইনান্স লিমিটেড, বৃন্দাবন বিল্ডিং, প্লট নং 177, কালিনা, সিএসটি রোড, মাসিডিজ শোরুমের কাছে, সান্তাক্রুজ (পূর্ব), মুম্বাই 400 098
CIN No.: L67120MH2008PLC181833
ব্রাঞ্চ অফিস: কলকাতা

L&T Finance

বন্ধকী সম্পত্তি বিক্রির জন্য পাবলিক অকশন

সিকিউরিটিজাইসেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফাইনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইন, 2002 [54 OF 2002]-এর অধীনে এল&টি ফাইনানাস লিমিটেড-এর অনুমোদিত আধিকারিক এবং উক্ত আইনের প্রদত্ত ক্ষমতা প্রয়োগে নিম্নলিখিত সম্পত্তির অকশন করা হচ্ছে **''যেখানে যেমন ভিত্তিতে'' এবং ''যেখানে যেমন অবস্থায় আছে''** এমন অবস্থায় **''পাবলিক অকশন''** করা হচ্ছে যাতে এর বকেয়া অর্থ এবং পরবর্তী সুদ, চার্জেস এবং মূল্য ইত্যাদি পুনরুদ্ধার করা যায়।

ঋণগ্রহণকারী এবং উপ-ঋণগ্রহণকারীর নাম	সুরক্ষিত সম্পত্তির ঠিকানা	লোন অ্যাকাউন্ট নম্বর(গুলি)	শারীরিক দখল নেওয়া	আর্নেস্ট মানি ডিপোজিট 10% বা আরপি-এর বেশি (টাকায়)	সর্বমোট বকেয়া আছে 08.07.2024 অনুসারে	রক্ষিত মূল্য (টাকায়)	ইনস্পেকশনের তারিখ	অকশনের তারিখ এবং সময়
1. মেসার্স রিলাইবল প্রাইয়োরিটি সার্ভিস (এর মালিক সুব্রত কর-এর মাধ্যমে) 2. সুব্রত কর 3. শিউলি কর 4. সুপর্ণা কর	সমস্ত স্থাবর অস্থাবর সম্পত্তি যার ঠিকানা: জমি পরিমাপ প্রায় 02 কাঠা, 14 ছটাক এবং 25 ব.ফু., একত্রে যার ওপের টিনের শেডের কাঠামোর পরিমাপ প্রায় 450 ব,ফু দাঁড়িয়ে আছে যার দাগ নম্বরের অংশ 171 অধীনে খতিয়ান নং 47, জে.এল. নং 44, আর.এস. নং. 274, তাউজি নং 351 মৌজা চাকদহ পুরনো টলিগঞ্জের পুলিশ স্টেশনের অধীন, তারপরে যাদবপুর এখন রিজেন্ট পার্ক জেলা 24 পরগণার অন্তর্গত (এস) বর্তমানে পরিচিত এবং নথিভুক্ত মিউনিসিপ্যাল আবাসন নং 32, তালবাগান এবং বাবুপাড়া (ট্যাক্স অনুসারে) মিউনিসিপ্যাল ওয়ার্ড নং 144-এর অধীনে কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের সীমার মধ্যে সীমানা: পূর্ব – আবাসন নং.33, তালবাগান বাবুপাড়া; পশ্চিম – আবাসন নং 192, তালবাগান বাবুপাড়া; উত্তর – কেএমসি রোড; দক্ষিণ – অজিত ব্যানার্জির সম্পত্তি	H172992907210518 33, H172992907210518 33L, H172993007211240 05, KOLHL20 000185	19th ডিসেম্বর 2023	টা. 4,99,829.80	টা. 77,86,634.67	টা. 49,98,298	সমস্ত কাজের দিনে পূর্ব এপয়েন্টমেন্টের সাথে	12-08-2024 সকাল 10টা থেকে সন্ধ্যে 5:30

পাবলিক অকশনের নিয়ম এবং শর্তাবলি

1. ই-অকশন সেল পরিচালিত হবে অনলাইনে অনুমোদিত আধিকারিক দ্বারা উক্ত ওয়েবসাইটের মাধ্যমে https://sarfaesi.E-auctiontiger.net - এ SARFAESI আইনের বিধানের অধীনে সাহায্যের সাথে এবং পাবলিক ই-অকশনের মোডে।
2. পাবলিক ই-অকশনটি পরিচালিত হবে উপরে উল্লেখিত তারিখ এবং সময় অনুসারে, যখন উপরে উল্লেখিত সম্পত্তিটি বিক্রি হবে **''যেখানে যেমন ভিত্তিতে'' এবং ''যেখানে যেমন অবস্থায় আছে''** এমন অবস্থায় ।
3. পাবলিক ই-অকশনে অংশগ্রহণে, আগ্রহী ক্রেতা / দরদাতাদের উক্ত সুরক্ষিত সম্পত্তির সংরক্ষিত মূল্যের ফেরতযোগ্য আর্নেস্ট মানি ডিপোজিটের 10% পেমেন্টের বিস্তারিত বিবরণের কপি জমা করতে হবে, সেই সঙ্গে প্যানকার্ডের কপি, কোম্পানির হলে বোর্ড রিসোলিউশন্স এবং ঠিকানার প্রমাণপত্র **10/08/2024**-এর মধ্যে জমা করতে হবে।
4. সমস্ত অন্যান্য ইএমডি দরদাতা যাঁরা পাবলিক ই-অকশনে সাফল্য লাভ করবেন না তাঁরা এল অ্যান্ড টি ফাইনান্স-এর থেকে 7 দিনের মধ্যে টাকা ফেরত পাবেন পাবলিক ই-অকশন বন্ধ হওয়ার পরে। ইএমডি কোনও সুদ প্রদান করবে না।
5. সাফল্যমন্ডিত ক্রেতা / দরদাতাকে 25% ডিপোজিট টাকা জমা দিতে হবে (ইএমডি সহ) তাঁর প্রাপ্ত অফার পাওয়ার জন্য ডি.ডি. / পি.ও. ''এল&টি ফাইনান্স লিমিটেড''-এর নামে যা প্রদান করতে হবে মুম্বাইতে যা **12/08/2024**-তারিখের 18:00 ঘণ্টার মধ্যে বা আগে, ই-অকশন-এর দিন বা পরবর্তী কাজের দিনে যা হল **13/08/2024**, যার ডিপোজিট প্রাপ্তি নির্দিষ্ট করবে এল&টি ফাইনান্স লিমিটেড, বিক্রি ব্যর্থ হলে তা ব্যর্থ বলে গণ্য করা হবে এবং সাফল্যমন্ডিত দরদাতার ইএমডি বাজেয়াপ্ত করা হবে। ব্যালেন্স অ্যামাউন্ট যা হল ক্রয় মূল্যের 75% প্রদান করতে হবে ক্রেতাকে এল&টি ফাইনান্স লিমিটেড-কে স্থাবর সম্পত্তির বিক্রির নিশ্চিতকরণের পনেরো দিনের আগে বা বর্তমান আইন অনুসারে বর্ধিত সময়কালে।
6. সম্পত্তির পরিদর্শনের জন্য বা আরও তথ্য জানার জন্য, সম্ভাব্য দরদাতা অনুমোদিত আধিকারিকের সঙ্গে যোগাযোগ করতে পারেন যার **নাম - সঞ্জয় বিশ্বাস, সিনিয়র ম্যানেজার:- পশ্চিমবঙ্গ, এল&টি ফাইনান্স লিমিটেড, পি.এস. সৃজন টেক পার্ক, যোগাযোগ: 9831159100 এবং সন্তোষ তিওয়ারী, যোগাযোগ: 9920490126, এল&টি ফাইনান্স লিমিটেড, অফিস: বৃন্দবন বিল্ডিং, প্লট নং 177, কালিনা, সিএসটি রোড, মার্সিডিজ শোরুমের কাছে, সান্তাক্রুজ (পূর্ব), মুম্বাই 400098** । ই-অকশনের যে-কোনও স্তরে অনুমোদিত আধিকারিক নিলামটি বা অফার টি স্বীকার করতে বা প্রত্যাখান করতে বা সংশোধন করতে বা বাতিল করতে বা স্থগিত রাখতে পারেন ই-অকশন কোনও কারণ না দেখিয়ে এবং কোনও পূর্ব ঘোষণা ছাড়াই।
7. সফল ক্রেতা বা নিলামকারী বহন করবেন যে-কোনও বিধিবদ্ধ বকেয়া, ট্যাক্সেস, প্রদানযোগ্য ফীজ, স্ট্যাম্প ডিউটি, রেজিস্ট্রেশন ফীজ ইত্যাদি যা তাঁকে প্রদান করতে হবে সম্পত্তি পাওয়ার জন্য বা তাঁর নামে নিষ্কৃত করার জন্য প্রযোজ্য আইন অনুসারে।
8. ঋণগ্রহণকারী বা গ্যারেন্টার্স, যাঁরা উক্ত বকেয়ার জন্য দায়বদ্ধ, তাঁরা এই সেল নোটিশকে একটা নোটিশ বা বিজ্ঞপ্তি বলে গ্রহণ করবেন সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস-এর অনুসারে রুলস 8 (6)-এর অধীনে, উপরে উল্লেখিত পাবলিক ই-অকশনটি ধারণ করার ক্ষেত্রে।
9. ঋণগ্রহণকারী(গণ) / উপ-ঋণগ্রহণকারী(গণ) / গ্যারেন্টার(গণ) / মর্টগেজার বা বন্ধকদাতাদের আহ্বান জানানো হচ্ছে সমগ্র বকেয়া লোন বা ঋণ অ্যামাউন্টটি প্রদান করতে উপরে উল্লেখিত ই-অকশনের তারিখের আগে তা না হলে এল&টি ফাইনান্স লিমিটেড এই সম্পত্তি বিক্রি করার অধিকারী হবেন এসএআরএফএইএসআই-এর আইন, 2002-এর নির্ধারিত বিধান অনুসারে।
10. ঋণগ্রহণকারী(গণ) / উপ-ঋণগ্রহণকারী(গণ) / গ্যারেন্টার(গণ) / মর্টগেজার(গণ) / জনগণক এতৎদ্বারা সংযত থাকতে বলা হচ্ছে বিক্রি, সেল, লীজ থেকে, অন্যথায় নোটিশ বা ঘোষণায় যে সুরক্ষিত সম্পত্তির উল্লেখ করা হয়েছে এল&টি ফাইনান্স লিমিটেড-এর পূর্ব লিখিত সম্মতি ব্যাতীত।

তারিখ: 11.07.2024
স্থান: কলকাতা

স্বাক্ষরিত
অনুমোদিত আধিকারিক
এল&টি ফাইনান্স লিমিটেড-এর তরফে

দ্য নবদ্বীপ কো-অপারেটিভ ক্রেডিট ব্যাঙ্ক লিমিটেড

শ্রীবাসাঙ্গন রোড, পোস্ট- নবদ্বীপ, জেলা- নদীয়া,
পিন-৭৪১৩০২ (পশ্চিমবঙ্গ), ফোন নং -০৩৪৭২-২৪০৩৪৭
স্থাপিত-১৯২৯ (রেজিঃ নং ৪২ তারিখ-২৬.১১.১০২৯)
আরবিআই লাইসেন্স নং- UBD. W.B 14/2009-10

দাবি বিজ্ঞপ্তি

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফাইন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড ইনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট ২০০২-এর সেকশন ১৩(২) এর অধীনে বিজ্ঞপ্তি

এতদ্বারা নিম্নোক্ত ঋণগ্রহীতা ও সহ ঋণগ্রহীতাদের বিজ্ঞপ্তি দেওয়া হল যে ব্যাঙ্ক থেকে প্রাপ্ত ঋণ সুবিধার মূল ও সুদ পরিশোধে খেলাপি হয়েছেন এবং ঋণটি নন-পারফর্মিং অ্যাসেট (এনপিএ) হিসাবে শ্রেণীবদ্ধ করা হয়েছে। তাঁদের সর্বশেষ পরিচিত ঠিকানায় সিকিউরিটাইজেশন অ্যান্ড রি-কনস্ট্রাকশন অফ ফাইন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড ইনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট ২০০২-এর সেকশন ১৩(২) এর অধীনে তাদেরকে নোটিশগুলি জারি করা হয়েছিল, কিন্তু সেগুলি প্রাপ্তি স্বীকার না হয়ে ফেরত এসেছে এবং এতদ্বারা এই উপায়ে তাদেরকে জানানো হচ্ছে।

ক্র. নং.	১) ঋণগ্রহীতা/সহ ঋণগ্রহীতা/ জামিনদার এর নাম/ অ্যাকাউন্ট নং.	সম্পত্তির বিশদ/ সুরক্ষিত সম্পদের ঠিকানা যা বলবৎ করা হবে	১) বিজ্ঞপ্তির তারিখ ২) এনপিএ এর তারিখ। ৩) বকেয়া পরিমান টাকায় (বিজ্ঞপ্তির তারিখে)
১.	**শ্রীচৈতন্য গৌড়বঙ্গ ওয়েলফেয়ার সোসাইটি** ৪৮, তমাল তলা লেন, পোস্ট ও থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া, পিন- ৭৪১৩০২ ক) **শ্রী সুকান্ত মন্ডল,** পিতা- সুকুমার মন্ডল শ্রীচৈতন্য গৌড়বঙ্গ ওয়েলফেয়ার সোসাইটির সম্পাদক, তমাল তলা লেন, পোস্ট ও থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া, পিন- ৭৪১৩০২ খ) **শ্রী নবীন বরণ ব্যানার্জী,** পিতা-ব্রদ্রি নারায়ণ ব্যানার্জি শ্রীচৈতন্য গৌড়বঙ্গ ওয়েলফেয়ার সোসাইটি এর কোষাধ্যক্ষ, দক্ষিণ পাড়া, বাবলারী, নবদ্বীপ, নদীয়া, পিন-৭৪১৩১৬ গ) **মালবিকা রায়,** স্বামী- দেবাশীষ রায় শ্রীচৈতন্য গৌড়বঙ্গ ওয়েলফেয়ার সোসাইটির জি.বি. সদস্য প্রচীন মায়াপুর (দক্ষিণ), ওয়ার্ড নং-০৭, পোস্ট ও থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া, পিন- ৭৪১৩০২। **অ্যাকাউন্ট নং: ০১২২০০০০৫৭০১(টিএল)**	জমি ও বিল্ডিং পরিমাপ ১২৯.৩৫০ শতক, (বি.এল. এন্ড এল.আর.ও. নবদ্বীপ থেকে আউশ থেকে ভিটিতে রুপান্তরিত হয়েছে ৯.৫৮৬ শতক এর মেমো নং- 552/conv./Nab./2015 তারিখ- ০৯/০৭/২০১৫ অনুযায়ী এবং আউশ থেকে ভিটিতে রুপান্তরিত হয়েছে ১১৯.৭৬৪ শতক এর মেমো নং- 911/conv./Nab./2016 তারিখ- ২৩/০৮/২০১৬ অনুযায়ী শ্রীচৈতন্য গৌড়বঙ্গ ওয়েলফেয়ার সোসাইটি এর প্রতিনিধিত্বকারী সেক্রেটারি শ্রী সুকান্ত মন্ডল এর অনুকূলে, খতিয়ান নং- আরএস-৬০৯, এলআর ৮৮৬, হাল এল আর-৩১৬২, দাগ (প্লট) নং আরএস ও এলআর-৭৯৩, মৌজা-০৩ বাবলারী দেওয়ানগাং। দলিল নং- আই-২৩১৬৬৪০ সাল- ২০১১।	১) ২১/০৬/২০২৪ ২) ২০/০৭/২০২৩ ৩) ২৪,৬১,৪৩৬.০০ টাকা
২.	**নিমাই চন্দ্র ঘোষ** পিতা-প্রয়াত গোপাল চন্দ্র ঘোষ শ্রীবাসাঙ্গন ঘাট রোড, পোস্ট ও থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া।, পিন- ৭৪১৩০২ **অ্যাকাউন্ট নং: ০১০২০০০১৯৩০১(সি.সি.)**	জমি ও বিল্ডিং পরিমাপ ৮ শতক, শ্রী নিমাই চন্দ্র ঘোষ, পিতা- প্রয়াত গোপাল চন্দ্র ঘোষ এর অনুকূলে, খতিয়ান নং সাবেক ১০৮৯, ১০৯৩, আরএস- ৭৯৭০, এলআর- ১৭৬৭৪, ১৭৬৭৫, ১৭৬৭৬, ১৭৬৭৭, ১৩২৯৭/২, ৯৭৬/১, দাগ প্লট নং- সিএস নং- ৪৮০, আরএস-৪৮০/৮৯২৬, এলআর-৩৩৭১, মৌজা- ২০, নবদ্বীপ। দলিল নং-আই-২৩৫৭ সাল- ২০০৬। শ্রেণীবিভাগ- বাড়ি ও গুদাম ঘর।	১) ২৪/০৬/২০২৪ ২) ৩০/১২/২০২১ ৩) ১৪,১৬,১২৬.০০ টাকা
৩.	**মানিক ঘোষ** পিতা-ধারানী ঘোষ উত্তর বাবলারী, দেওয়ানগাং, পোস্ট- বাবলারি, থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া, পিন- ৭৪১৩১৬ **সহ ঋণগ্রহীতা- শ্রীমতী সুচিত্রা ঘোষ** স্বামী- মানিক ঘোষ, উত্তর বাবলরি, দেওয়ানগাং, পোস্ট- বাবলারি, থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া, পিন- ৭৪১৩১৬ **অ্যাকাউন্ট নং: ০১২২০০০৩৬৩০১ (টি.এল.)**	জমি ও বিল্ডিং পরিমাপ ৭.৪২৫ শতক (এলআর এবং আরওআর অনুযায়ী - ৭.৪৩ শতক), শ্রীমতী সুচিত্রা ঘোষ, স্বামী- মানিক ঘোষ, খতিয়ান নং- সাবেক- ১৭৮, এলআর- ১৩৫১, হাল এলআর- ৩০৮০, দাগ (প্লট) নং- ৫৬৫, মৌজা-০৩, বাবলারী দেওয়ানং, দলিল নং- আই-৭৭২ সাল- ২০০৮।	১) ২৪/০৬/২০২৪ ২) ০১/১০/২০২১ ৩) ৬,৫৯,৯৪২.০০ টাকা
৪.	**এস.এস টিম্বার কোং.** স্বত্বাধিকারী-সুকুমার শর্মা রানীর চড়া, নবদ্বীপ, পোস্ট ও থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া। * প্রয়াত সুকুমার শর্মার আইনি উত্তরাধিকারী (এস.এস টিম্বার কোং. স্বত্বাধিকারী) রানীর চড়া, নবদ্বীপ, পোস্ট ও থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া। জামিনদার- ১) শ্রী হরিদাস শর্মা, পিতা- শ্রী সুধন্য কুমার শর্মা, রানীর চড়া, নবদ্বীপ, পোস্ট ও থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া। ২) শ্রী সুধন্য কুমার শর্মা, পিতা- প্রয়াত বিপিন চন্দ্র শর্মা, রানীর চড়া, নবদ্বীপ, পোস্ট ও থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া, ৩) পূর্ণিমা রানী দাস, রানীর চড়া, নবদ্বীপ, পোস্ট ও থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া, ৪) শ্যাম সুন্দর সাহা, পোড়ামাতলা, পোস্ট ও থানা- নবদ্বীপ, **অ্যাকাউন্ট নম্বর: ০১০২০০০০৬১০১(সি.সি.)**	১) জমি ও বিল্ডিং পরিমাপ ৪ শতক, পোস্ট ও থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া। ১) সুকুমার শর্মা,রানীর চড়া, নবদ্বীপ, পোস্ট ও থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া, ২) শ্রী হরিদাস শর্মা, পিতা- শ্রী সুধন্য কুমার শর্মা, রানীর চড়া, নবদ্বীপ, পোস্ট ও থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া এবং শ্রী সুধন্য কুমার শর্মা, পিতা- প্রয়াত বিপিন চন্দ্র শর্মা, রানীর চড়া, নবদ্বীপ, পোস্ট ও থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া এর অনুকূলে, খতিয়ান নং সাবেক ৫(কে) আরএস- ৯০৬৯, এলআর- ১৩৮০১, দাগ (প্লট) নং ১৪০/৮১৩১, এলআর- ৮৯৯, মৌজা- ২০, নবদ্বীপ। দলিল নং- আই- ১৬৭৮। ২) জমি ও বিল্ডিং পরিমাপ ২১/২ শতক , শ্রী সুধন্য কুমার শর্মা, পিতা- প্রয়াত বিপিন চন্দ্র শর্মা, রানীর চড়া, নবদ্বীপ, পোস্ট ও থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া এবং শ্রী সুধন্য কুমার শর্মা, পিতা- প্রয়াত বিপিন চন্দ্র শর্মা, রানীর চড়া, নবদ্বীপ, পোস্ট ও থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া এর অনুকূলে, খতিয়ান নং. সাবেক ৫(কে) আরএস- ৯০৬৯, দাগ (প্লট) নং ১৪০/৮১৩১, মৌজা - ২০, নবদ্বীপ। দলিল নং- আই- ২৬৯৬। ৩) জমি ও বিল্ডিং পরিমাপ ৩১/৪ শতক, শ্রী সুধন্য কুমার শর্মা, এবং যতীন্দ্র নাথ শর্মা, রানীর চড়া, নবদ্বীপ, পোস্ট ও থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া, এবং শ্রী সুধন্য কুমার শর্মা, পিতা- প্রয়াত বিপিন চন্দ্র শর্মা, রানীর চড়া, নবদ্বীপ, পোস্ট ও থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া এর অনুকূলে, খতিয়ান নং সাবেক ৫(কে) আরএস- ৯০৬৯, দাগ (প্লট) নং ১৪০, মৌজা , ২০, নবদ্বীপ। দলিল নং-আই- ৩৩৯৩। ৪) জমি ও বিল্ডিং পরিমাপ ৪ শতক, শ্রী হরিদাস শর্মা, পিতা- শ্রী সুধন্য কুমার শর্মা, রানীর চড়া, নবদ্বীপ, পোস্ট ও থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া, এবং এবং শ্রী সুধন্য কুমার শর্মা, পিতা- প্রয়াত বিপিন চন্দ্র শর্মা, রানীর চড়া, নবদ্বীপ, পোস্ট ও থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া এর অনুকূলে খতিয়ান নং সাবেক ৫(কে) আরএস-৯০৬৯, দাগ (প্লট) নং ১৪০/৮১৩১, মৌজা - ২০, নবদ্বীপ। দলিল নং- আই- ১২৫৪। ৫) জমি ও বিল্ডিং পরিমাপ ২১/২ শতক, শ্রী সুকুমার শর্মা, রানীর চড়া, নবদ্বীপ, পোস্ট ও থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া এবং শ্রী সুধন্য কুমার শর্মা, পিতা- প্রয়াত বিপিন চন্দ্র শর্মা, রানীর চড়া, নবদ্বীপ, পোস্ট ও থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া এর অনুকূলে, খতিয়ান নং সাবেক ৫(কে) আরএস-৯০৬৯, দাগ (প্লট) নং ১৪০/৮১৩১, মৌজা - ২০, নবদ্বীপ। দলিল নং-আই- ১০১।	১)২৪/০৬/২০২৪ ২) ২৫/০১/১৯৯৬ ৩) ১৪,৮৯,৪৩৯.০০ টাকা

নোটিশের বিকল্প পরিষেবার জন্য পদক্ষেপ নেওয়া হচ্ছে। উপরোক্ত ঋণগ্রহীতা(গণ)/জামিনদার/আইনগত উত্তরাধিকারীদের এতদ্বারা এই নোটিশ প্রকাশের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে বকেয়া অর্থ প্রদানের জন্য বলা হচ্ছে, ব্যর্থ হলে সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড ইনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর সেকশন ১৩-এর সাব-সেকশন (৪) এর অধীনে এই বিজ্ঞপ্তির তারিখ থেকে ৬০ দিনের মেয়াদ শেষ হওয়ার পরে পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে।

তারিখ: ১১.০৭.২০২৪
স্থান: নবদ্বীপ

অনুমোদিত অফিসার
দ্য নবদ্বীপ কো-অপারেটিভ ক্রেডিট ব্যাঙ্ক লিমিটেড
নবদ্বীপ, নদীয়া -এর পক্ষে